



## রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ শঠিবাড়ী, রংপুর

মোবাইলঃ ০১৭৬৯৪০০৭৫৫  
ই-মেইলঃ rangpurpbsl@yahoo.com  
ওয়েবসাইটঃ www.pbsl.rangpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৫৫৮.৫৬২.০১.০২৪.১৯.

৩০

তারিখ : ১১ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ  
২৪ জানুয়ারী, ২০১৯ খ্রিস্টাব্দ


### বিষয় :- ফাইল কেবিনেট সরবরাহের দরপত্র (RFQ) আহবান।

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর কর্তৃক নিম্নোক্ত বর্ণনা অনুযায়ী ফাইল কেবিনেট সরবরাহের নিমিত্তে প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নে বর্ণিত শর্তে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র (RFQ) আহবান করা যাইতেছে।

ক্রঃ নং	বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
১	ফাইল কেবিনেট : FCOPOO3MS (নমুনা মোতাবেক)	১৪ টি		


#### শর্তাবলী :

- আগ্রহী দরদাতাগণ প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বর্ণিত ছকে দর উল্লেখ পূর্বক খামের মুখ সীলগালা করিয়া আগামী ৩১/০১/২০১৯ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১২.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময় (১) রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর অথবা (২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, শিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে সরাসরি সীল কোটেশন দাখিল করিতে পারিবেন। প্রাপ্ত দরপত্র সমূহ ঐদিন (৩১/০১/২০১৯ খ্রিঃ) বেলা ১২:৩০ ঘটিকা সময় দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।
- দরপত্রের খামের উপর "ফাইল কেবিনেট সরবরাহের দরপত্র" কথাটি স্পষ্টাক্ষরে লিখিতে হইবে।
- সমিতি কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র গ্রহণযোগ্য হইলে কার্যাদেশ প্রদানের নির্ধারিত তারিখের মধ্যে মালামাল নিজস্ব খরচে অত্র সমিতির সদর দপ্তরে পৌছাইতে হইবে। অন্যথায় প্রতিদিন বিলম্বের জন্য উদ্ধৃত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে অর্থ বিল হইতে কর্তন করা হইবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হইবে না।
- সরবরাহকারীকে রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক সরাসরি মালামালের মূল্য পরিশোধ করা হইবে। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হইবে।
- দরপত্রের উদ্ধৃত একক মূল্য ও মোট মূল্য স্পষ্টাক্ষরে লিখিতে হইবে। দরপত্রে কোন কাটাকাটি, ঘষাঘষি এবং ফ্লুইড ব্যবহার করা যাইবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলিয়া গন্য হইবে।
- সরকারী বিধি মোতাবেক কার্যাদেশে প্রাপ্ত প্রতিষ্ঠানের বিল হইতে আয়কর ও ভ্যাট কর্তন করা হইবে।
- দরপত্র সম্পর্কে কাহারো কোন জিজ্ঞাস্য থাকিলে/ব্যাখ্যার প্রয়োজন হইলে উহা দরপত্র খোলার জন্য নির্ধারিত সময়ের কমক্ষে ০৩(তিন) দিন পূর্বে সমিতির সাধারন সেবা বিভাগের সাথে যোগাযোগ করিতে পারিবেন।
- তালিকায় উল্লিখিত মালামাল এর পরিমাণ কম/বেশী করিবার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হইলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গন্য হইবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

  
(মোঃ নূরুর রহমান)  
সিনিয়র জেনারেল ম্যানেজার

#### অনুলিপি : নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধ সহ।

- পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি দপ্তর, বাপবিবো, ঢাকা- বাপবিবোর্ডের ওয়েব সাইটে RFQ টি প্রচারের জন্য অনুরোধ করা হল।
- জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা।
- পুলিশ সুপার, রংপুর/গাইবান্ধা।
- সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..... পবিস-১/২/৩/৪।
- উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর/পীরগঞ্জ/পীরগাছা/সাদুল্লাপুর/সুন্দরগঞ্জ, রংপুর/গাইবান্ধা।
- নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, রংপুর।
- নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/এলজিইডি, রংপুর।
- ডিজিএম, কারিগরী/ পীরগাছা/সুন্দরগঞ্জ/পীরগঞ্জ জোনাল অফিস, রংপুর পবিস-১।
- এজিএম(ওএন্ডএম), সাদুল্লাপুর সাব জোনাল অফিস, রংপুর পবিস-১।
- এজিএম(অর্থ), রংপুর পবিস-১।
- জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), রংপুর পবিস-১ : সমিতির ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হল।
- মেসার্স.....
- নোটিশ বোর্ড, রংপুর পবিস-১।

  
(মোঃ নূরুর রহমান)  
সিনিয়র জেনারেল ম্যানেজার